27 JAN 2016
পৃষ্ঠা ... কলাম ...

আমাদের সময়

# পাঠ্যপুস্তকে ভুল তথ্য তদন্ত করছে এনসিটিবি

নিজস্ব প্রতিবেদক ●
দৈনিক আমাদের সময়ে গতকাল প্রকাশিত 'ভুলে ভরা পাঠ্যবই' শিরোনামে প্রতিবেদন প্রকাশের পরিপ্রেক্ষিতে তদন্ত শুরু করছে জাতীয় পাঠ্যক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি)। বোর্ডের একটি নির্ভরযোগ্য সূত্র গতকাল এ তথ্য নিশ্চিত করেছে।

সংশ্লিষ্ট সূত্র জানিয়েছে, বোর্ডের ঊর্ধ্বতন বিশেষজ্ঞ মেহের নিগারকে আগামী পাঁচ কর্মদিবসের মধ্যে তদন্ত প্রতিবেদন দাখিল করার নির্দেশ দিয়েছেন দায়িত্বপ্রাপ্ত চেয়ারম্যান অধ্যাপক ড. রতন সিদ্দিকী।

অফিস আদেশে বলা হয়, প্রতিষ্ঠানটির কোন শাখা বা কর্মকর্তার দায়িত্ব অবহেলায় ভুল ও ত্রুটিযুক্ত পাঠ্যবই শিক্ষার্থীদের হাতে পৌঁছেছে তা বের করতে হবে। ভুল ও ত্রুটি হ্রাসে আগামীতে কী করণীয় তা সুপারিশ করবে তদন্ত কর্মকর্তা। শিক্ষা মন্ত্রণালয়ের এরপর পৃষ্ঠা ১১, কলাম ৩

## পাঠ্যপুস্তকে ভুল তথ্য

(প্রথম পৃষ্ঠার পর) একটি সূত্র জানিয়েছে, ওই প্রতিবেদন দেখে গতকাল সকালে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ এনসিটিবির চেয়ারম্যানকে ফোনে যথাযথ উদ্যোগ নেওয়ার নির্দেশ দেন।